ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭২৯

করবুক, ১২ নভেম্বর, ২০২৫

## দু’দিনব্যাপী কালাঝারি উৎসব শুরু
## বর্তমান সরকার জনজাতি গোষ্ঠীগুলির কৃষ্টি, সংস্কৃতি রক্ষায় আন্তরিক : সমবায়মন্ত্রী

করবুক পাঞ্জিহাম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ও করবুক মহকুমা প্রশাসনের সহযোগিতায় গতকাল দু’দিনব্যাপী কালাঝারি উৎসব শুরু হয়েছে। উৎসবের উদ্বোধন করেন সমবায় দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। উৎসবের উদ্বোধন করে তিনি বলেন, উৎসবকে কেন্দ্র করে বিভিন্ন জনজাতি গোষ্ঠী তাদের সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবে। এরফলে জনজাতি গোষ্ঠীগুলি তাদের কৃষ্টি, সংস্কৃতি রক্ষায় উৎসাহিত হবে। তিনি বলেন, বর্তমান সরকার জনজাতি গোষ্ঠীগুলির কৃষ্টি, সংস্কৃতি রক্ষায় আন্তরিক। এজন্য সরকার বিভিন্ন কর্মসূচি গ্রহণ করছে।

তাছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা। উৎসবকে কেন্দ্র করে বিভিন্ন দপ্তর কর্তৃক প্রদর্শনী স্টল খোলার জন্য বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা তার বক্তব্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, এই প্রদর্শনী স্টলের মাধ্যমে জনগণ সরকারি বিভিন্ন তথ্য সম্পর্কে অবগত ও সচেতন হবেন। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন শিলাছড়ি আর.ডি. ব্লকের বি.এ.সি. চেয়ারম্যান থৈংগ্যা মগ। স্বাগত ভাষণ রাখেন করবুক মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক আর.ডি. ব্লকের বি.এ.সি. ভাইস চেয়ারম্যান প্রণব ত্রিপুরা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক গমনজয় রিয়াং, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ধনমণি ত্রিপুরা, করবুক ব্লকের বিডিও শুভ্রজিৎ পাল, সমাজসেবী অতীন্দ্র রিয়াং, অসীম ত্রিপুরা, হিরণ্ময় ত্রিপুরা, সুশীল রিয়াং, প্রণব শংকর ত্রিপুরা, কুসুমতী রিয়াং, বিশাল দেববর্মা প্রমুখ। উৎসবকে কেন্দ্র করে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিভিন্ন দপ্তর উৎসব উপলক্ষ্যে প্রদর্শনী স্টল খোলে এবং বিভিন্ন স্বসহায়ক দল তাদের স্টলে ঐতিহ্যবাহী রকমারি খাবার প্রদর্শন করে।

*****